**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13–08–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) "হর ঘর তিরঙ্গা" কর্মসূচি পালনের মধ্য দিয়ে আজ থেকে রাজ্যে স্বাধীনতা দিবস উদযাপনের কর্মসূচি শুরু হয়েছে ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন 'হর ঘর তিরঙ্গা' উদ্যোগের লক্ষ্য হল দেশের জন্য যারা আত্মত্যাগ করেছেন তাদের সম্মান জানানো এবং দেশের সার্বভৌমত্ব রক্ষা করা ।**

**(৩) দিল্লির লাল কেল্লায় ৭৮তম স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে পঞ্চায়েতি রাজ প্রতিষ্ঠানের মহিলা প্রতিনিধি সহ চারশো নির্বাচিত প্রতিনিধিকে কেন্দ্রীয় সরকার আমন্ত্রণ জানিয়েছে ।**

**(৪) ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে জিলা পরিষদের সবকটি আসনের ফলাফল ঘোষণা করা হয়েছে ।**

**************************************

**Independence Day-Programme :**

"হর ঘর তিরঙ্গা" কর্মসূচি পালনের মধ্য দিয়ে আজ থেকে রাজ্যে স্বাধীনতা দিবস উদযাপনের কর্মসূচি শুরু হয়েছে। আজ

সূর্যোদয়ের পর সরকারী ও বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠান ও বাড়ি ঘরে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। "হর ঘর তিরঙ্গা" কর্মসূচিতে আগামীকালও সরকারী ও বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠান ও বাড়ি ঘরে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। আগামীকাল সকাল ৬টায় আগরতলার উমাকান্ত একাডেমি প্রাঙ্গণ থেকে শুরু হবে মহিলাদের জন্য ৩ কিলোমিটার এবং পুরুষদের জন্য ৫ কিলোমিটার ওপেন ক্রসকাণ্ট্রি দৌড় প্রতিযোগিতা। তাছাড়া আগরতলা শহরের বিভিন্ন স্থানে শহর পরিচ্ছন্নতা কর্মসূচিরও আয়োজন করা হয়েছে।

আগামী ১৫ই আগস্ট স্বাধীনতা দিবস উদযাপন কর্মসূচি শুরু হবে ভোর ৫টায় বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের প্রভাতফেরীর মাধ্যমে। ঐদিনও হর ঘর তিরঙ্গা কর্মসূচিতে বিভিন্ন সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠান ও প্রতিটি বাড়িতে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নান্নু সকাল ৮টায় সার্কিট হাউস সংলগ্ন মহাত্মা গান্ধীর মূর্তিতে এবং সকাল ৮টা ১৫ মিনিটে গান্ধীঘাটস্থিত গান্ধীবেদীতে মাল্যদান করবেন। তাছাড়া সকাল ৮টা ৩৫ মিনিটে তিনি লিচুবাগানস্থিত এলবার্ট এক্কা পার্কে শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন করবেন।

১৫ই আগস্ট আগরতলায় মূল অনুষ্ঠানটি হবে আসাম রাইফেলস ময়দানে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা ঐদিন সকাল ৯টা ১০ মিনিটে আসাম রাইফেলস ময়দানে জাতীয় পতাকা উত্তোলন করবেন।

পতাকা উত্তোলনের পর মুখ্যমন্ত্রী স্বশস্ত্র বাহিনীর সেলামী প্যারেড পরিদর্শন করবেন। এর পর তিনি সমর শিক্ষার্থী বাহিনীর ক্যাডেট, আধিকারিক ও বনবিভাগের কর্মীদের পুরস্কার প্রদান

করবেন। এই অনুষ্ঠানে রাজ্যবাসীর উদ্দেশ্যে বক্তব্য রাখবেন মুখ্যমন্ত্রী।

***************************

**Albert Ekka Park-CM :**

"হর ঘর তিরঙ্গা" কর্মসূচির অঙ্গ হিসাবে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ লিচুবাগানে এলবার্ট এক্কা পার্কে বীর শহীদদের শ্রদ্ধা জানিয়েছেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, ভারত শান্তিপ্রিয় দেশ। ভারত কখনও অন্য কোনও দেশের ওপর আক্রমন করে না। পৃথিবীর প্রত্যেক দেশের সঙ্গে ভারত সুসম্পর্ক বজায় রেখে চলে। তিনি বলেন,

-----বাইট সি.এম

***************************

**Har Ghar Tiranga-KAILASHAHAR :**

"হর ঘর তিরাঙ্গা" কর্মসূচির অঙ্গ হিসাবে আজ বিকালে কৈলাশহরের মহকুমা শাসক অফিস প্রাঙ্গনে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। দেশপ্রেম এর আদর্শকে উর্ধ্বে তুলে ধরা ও স্বাধীনতা সংগ্রামী দের শ্রদ্ধা জানানোর উপর বক্তারা গুরুত্বারোপ করেন। উপস্থিত ছিলেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, ঊনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসক এল, দারলং, মহকুমা শাসক প্রদীপ সরকার প্রমুখ। অনুষ্ঠানে দেশের সংহতি ও সার্বভৌমত্বকে রক্ষা করার বিষয়ে সমবেত শপথবাক্য পাঠ করা হয়। তাছাড়া তেরঙ্গা ক্যানভাসে স্বাক্ষর করেন উপস্থিত বিশিষ্ট জনেরা। এদিকে কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্র প্রাঙ্গনে তিরাঙ্গা মেলা'র আয়োজন করা হয়েছে। বিভিন্ন স্ব-সহায়ক দল

তাদের পসরা সাজিয়ে মেলায় উপস্থিত হয়েছেন। কৈলাশহরের বিভিন্ন স্থানে জাতীয় পতাকা বিতরণ স্টল খোলা হয়েছে।

*****************************

**Blood Donation :**

৭৮তম স্বাধীনতা দিবস উপলক্ষে আজ ধলাই জেলা প্রশাসনের উদ্যোগে এবং আমবাসা ব্লাড ডোনার্স অ্যাসোসিয়েশনের সহযোগিতায় জহরনগর স্থিত ধলাই জেলাশাসকের অফিস প্রাঙ্গনে রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ধলাই জেলার জেলাশাসক সাজু ওয়াহিদ এ। শিবিরে ৩৫ জন রক্তদাতা স্বেচ্ছায় রক্তদান করেন।

**************************

**Har Ghar Tiranga-Dhalai :**

হর ঘর তিরঙ্গা কর্মসূচি উপলক্ষ্যে ধলাই জেলা সদর আমবাসায় আজ সকালে তিরঙ্গা যাত্রার আয়োজন করে আমবাসা পুর পরিষদ। জাতীয় পতাকা হাতে এই তিরঙ্গা যাত্রায় আমবাসা পুর পরিষদের চেয়ারপার্সন গোপাল সুত্রধর, আমবাসা ব্লকের বিএ সি চেয়ারম্যান পরিমল দেববর্মা, জেলার অতিরিক্ত জেলা শাসক সুব্রত কুমার দাস, মহকুমা শাসক সঞ্জিত দেববর্মা, ছাত্রছাত্রী, নিরাপত্তা বাহিনীর জওয়ান সহ বিভিন্ন পেশার জনগণ অংশ নেন।

*****************************

**Har Ghar Tiranga-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন 'হর ঘর তিরঙ্গা' উদ্যোগের লক্ষ্য হল দেশের জন্য যারা আত্মত্যাগ করেছেন

তাদের সম্মান জানানো এবং দেশের সার্বভৌমত্ব রক্ষা করা। এছাড়াও নাগরিকদের হৃদয়ে জাতীয়তাবাদ এবং দেশপ্রেমের বোধ জাগিয়ে তোলাই হচ্ছে এর মূল উদ্দেশ্য। প্রধানমন্ত্রী মোদী ২০২২ সালে স্বাধীনতা দিবস উপলক্ষে প্রথম 'হর ঘর তিরঙ্গা' কর্মসূচি ঘোষণা করেছিলেন। আজ আগরতলার উমাকান্ত মাঠে বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে আয়োজিত রাজ্যভিত্তিক হর ঘর তিরঙ্গা প্রচারাভিযান ২০২৪'র উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা বলেন।

মুখ্যমন্ত্রী তার আগে আজ সকালে রাজধানীর উমাকান্ত মাঠে যুব কল্যান ও যুব ক্রীড়া দপ্তরের উদ্যোগে হর ঘর তিরঙ্গা রেলী উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, যুব কল্যান ও যুব ক্রীড়া দপ্তরের সচিব ডঃ প্রদীপ কুমার চক্রবর্তী, বিশিষ্ট সমাজসেবী রাজীব ভট্টাচার্য্য প্রমুখ অংশ নেন। অনুষ্ঠান শেষে একটি র্যালী আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

*******************************

**Har Ghar Tiranga-Transport Department :**

পরিবহণ মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ নাগেরজলাস্থিত ড. শ্যামাপ্রসাদ মুখার্জী স্মৃতি বাস স্ট্যান্ডে পরিবহণ দপ্তরের উদ্যোগে "হর ঘর তিরঙ্গা" অভিযানে ভেহিক্যাল র্যালির উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, কর্পোরেটর অভিজিৎ মল্লিক, টিআরটিসি'র চেয়ারম্যান বলাই গোস্বামী প্রমুখ।

*******************************

**Har Ghar Tiranga-Sepahijala :**

"হর ঘর তিরঙ্গা "অভিযানের অঙ্গ হিসেবে আজ সিপাহীজলা জেলা যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহায়তায় এবং জেলা প্রশাসনের উদ্যোগে মিনি ম্যারাথন অনুষ্ঠিত হয়। এতে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা ছাড়াও অংশ নেন বি.এস.এফ ও সি.আর.পি.এফের জওয়ানরা। তাদের উৎসাহিত করতে ম্যারাথনে অংশ নেন জেলা শাসক ডক্টর সিদ্ধার্থ শিব জসওয়াল।

****************************

**BJP-Tiranga Jatra :**

বিজেপি যুব মোর্চার উদ্যোগে আজ আগরতলার বনমালীপুরে তিরঙ্গা যাত্রা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সাংসদ বিপ্লব কুমার দেব, বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য প্রমুখ।

*****************************

**Panchayati Raj Representatives :**

দিল্লির লাল কেল্লায় ৭৮তম স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে পঞ্চায়েতি রাজ প্রতিষ্ঠানের মহিলা প্রতিনিধি সহ চারশো নির্বাচিত প্রতিনিধিকে কেন্দ্রীয় সরকার আমন্ত্রণ জানিয়েছে। এদিকে, পঞ্চায়েতি রাজ মন্ত্রক আগামীকাল নতূনদিল্লিতে পঞ্চায়েতে মহিলা নেতৃত্বের উপর একটি জাতীয় কর্মশালার আয়োজন করেছে। কর্মশালায় পঞ্চায়েতে নারী নেতাদের জন্য চ্যালেঞ্জ ও সুযোগ অন্বেষণ, সাফল্যের কাহিনী এবং স্থানীয় শাসনে নারীদের অংশগ্রহণ বাড়ানোর কৌশল নিয়ে আলোচনা করা হবে। অনুষ্ঠানে ভাষিনির সহযোগিতায় একটি বহুভাষিক ইগ্রামস্বরাজ প্ল্যাটফর্ম চালু করা হবে। এই পোর্টালটি ২২টি নির্ধারিত ভারতীয় ভাষায় ব্যবহারযোগ্য হবে।

***************************

**Doctor's Agitation :**

কলকাতার আর জি কর মেডিকেল কলেজে মহিলা চিকিৎসকের উপর অমানবিক অত্যাচার এবং হত্যার বিরুদ্ধে রাজ্যেও প্রতিবাদে শামিল হয়েছেন চিকিৎসকরা। আজ আগরতলা সরকারি মেডিকেল কলেজ ও জিবিপি হাসপাতালে চিকিৎসকরা কর্ম বিরতির পাশাপাশি বিক্ষোভ মিছিল সংগঠিত করেন। আন্দোলনকারীদের দাবি, ঘটনার সিবিআই তদন্ত, অপরাধীদের অবিলম্বে গ্রেপ্তার ও কঠোর শাস্তি প্রদান। আজ সকাল ১০ টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত এই কর্মবিরতি চলে বলে জানিয়েছেন চিকিৎসক শুভাশিস লস্কর।

হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার সদস্যরাও এই ঘটনার সার্বিক তদন্ত এবং ফার্স্ট ট্র্যাক কোর্টে বিচার করে দোষীদের সর্বোচ্চ সাজা প্রদানের দাবি জানান।

ত্রিপুরা মেডিকেল কলেজের ছাত্রছাত্রী ও চিকিৎসকরা আজ সন্ধ্যায় এক মোমবাতি মিছিলের আয়োজন করে।

***************************

**Doctor's Strike :**

কলকাতায় একজন প্রশিক্ষণার্থী ডাক্তারকে ধর্ষণ ও হত্যার প্রতিবাদে ফেডারেশন অফ রেসিডেন্ট ডক্টরস অ্যাসোসিয়েশনের দেশব্যাপী ধর্মঘটের ডাকের প্রতিক্রিয়ায়, মহারাষ্ট্রের বিভিন্ন সরকারি হাসপাতালের জরুরি দায়িত্বের বাইরে থাকা আবাসিক চিকিৎসকরা ধর্মঘটে যোগ দিয়েছেন।

ঝাড়খণ্ডে, রাঁচির রাজেন্দ্র ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেসের জুনিয়র ডাক্তাররা অনির্দিষ্টকালের জন্য ধর্মঘটে রয়েছেন। আন্দোলনরত চিকিৎসকদের দাবির মধ্যে রয়েছে মামলার সিবিআই তদন্ত এবং কর্মক্ষেত্রে চিকিৎসকদের নিরাপত্তা প্রদান।

***************************

**Panchayet Election :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে জিলা পরিষদের সবকটি আসনের ফলাফল ঘোষণা করা হয়েছে। আজ সন্ধ্যায় রাজ্য নির্বাচন কমিশন সুত্রে প্রাপ্ত সর্বশেষ তথ্য অনুযায়ী জানা গেছে, ৮টি জিলা পরিষদে মোট ১১৬টি আসনের মধ্যে বিজেপি পেয়েছে ১১৩টি আসন, কংগ্রেস ২টি ও সিপিআইএম পেয়েছে ১টি আসন। ৩৫টি পঞ্চায়েত সমিতির মোট ৪২৩টি আসনের মধ্যে এখন পর্যন্ত ৪২০টি আসনের ফলাফল ঘোষণা করা হয়েছে। এর মধ্যে বিজেপি পেয়েছে ৪০৪টি আসন, কংগ্রেস ৮টি, সিপিআইএম ৭টি ও নির্দল প্রার্থী পেয়েছে ১টি আসন। তাছাড়া ৬০৬টি গ্রাম পঞ্চায়েতে মোট ৬৩৭০টি আসনের মধ্যে এখন পর্যন্ত ৬২৮০টি আসনের ফলাফল ঘোষণা করা হয়েছে। এরমধ্যে বিজেপি পেয়েছে ৫ হাজার ৮৮৩টি আসন, কংগ্রেস ১৩৮টি, সিপিআইএম ১৩৭টি, তিপরা মথা ১০২টি ও নির্দল প্রার্থী পেয়েছে ২০টি আসন।

**************************

**BJP-Press Meet :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নির্দেশনায় ও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার নেতৃত্বে রাজ্য সরকার রাজ্যের জনগনের উন্নয়নে প্রভূত উন্নয়নমূলক কাজ করছে। তারই প্রতিফলন ঘটেছে পঞ্চায়েত নির্বাচনের ফলাফলে। আজ প্রদেশ বিজেপি কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য একথা বলেন। তিনি বলেন, রাজ্য সরকারের উপর রাজ্যের জনগণের আস্থা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন দলের সাধারণ সম্পাদক বিপিন দেব্বর্মা।

******************************

**Press Meet-CPIM :**

সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে ভোট গণনার ক্ষেত্রে কারচুপি হয়েছে। তিনি আরো অভিযোগ করেন শাসক দলের কর্মী সমর্থকরা রাজনগর, কাকড়াবন, টেপানিয়া, কদমতলা, কুর্তি, কালাছড়া, যুবরাজনগর, কুমারঘাট, চন্ডিপুর, কাঠালিয়া সহ বিভিন্ন ব্লকে কাউন্টিং হল থেকে বিরোধী দলের এজেন্টের জোর করে বের করে দেয়। তিনি আরো অভিযোগ করেন এই ঘটনাগুলি সম্পর্কে সঙ্গে সঙ্গে রাজ্য নির্বাচন কমিশনার, মুখ্য সচিব ও রাজ্য পুলিশের মহানির্দেশককে অবহিত করা হয়। কিন্তু সুষ্ঠুভাবে ভোট গ্রহনের লক্ষ্যে তারা কোনো ব্যবস্থা গ্রহণ করেননি। এই পরিস্থিতিতে রাজ্যে গনতন্ত্র এবং মানুষের অধিকার সম্পুর্ন ভাবে লঙ্ঘিত হয়েছে বলে ও তিনি অভিযোগ করেন।

*****************************

**Football :**

টিএফএ পরিচালিত দ্বিতীয় ডিভিশন লীগ ফুটবলে তৃতীয় স্থান দখল করল ত্রিপুরা স্পোর্টস স্কুল। আজ উমাকান্ত স্টেডিয়ামে আয়োজিত খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল ২ –০ গোলে এনএসআরসিসি দলকে পরাজিত করেছে।

*****************************